গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিভিল সার্জনের কার্যালয়
ময়মনসিংহ
www.cs.mymensingh.gov.bd

স্মারক নংঃ সিএস/ময়মন/প্রশা/নিয়োগ-২০২৫/৩৪৯৮ তারিখঃ ১৪/০৮/২০২৫ খ্রিঃ

## পুনঃ নিয়োগ বিজ্ঞপ্তি

স্বাস্থ্যসেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রনালয়ের স্মারক নংঃ স্বাসেবি/প্রশা-১/এডি/২সি-১৭/৯৩১০৪, তারিখঃ ১৪/০১/২০২৪ খ্রিঃ মূলে প্রাপ্ত ছাড়পত্র মোতাবেক সিভিল সার্জনের কার্যালয়, ময়মনসিংহ ও এর নিয়ন্ত্রনাধীন বিভিন্ন স্বাস্থ্য প্রতিষ্ঠান সমূহের স্থায়ী/অস্থায়ী রাজস্ব খাতে ১১-২০ গ্রেড ভুক্ত (পূর্বতন ৩য় ও ৪র্থ শ্রেনী) নিম্নলিখিত শূন্যপদ সমূহে জনবল নিয়োগের লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে নিম্ন বর্ণিত শর্ত সাপেক্ষে http://csmymensingh.teletalk.com.bd ওয়েবসাইট এ অনলাইন এ আবেদনপত্র পুনরায় আহবান করা যাচ্ছে। অনলাইন ব্যতীত কোন আবেদন গ্রহণ করা হবেনা।

| ক্রমিক নং | পদের নাম | পদের সংখ্যা | গ্রেড ও জাতীয় বেতন স্কেল ২০১৫ | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার প্রার্থীগন আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|---|
| ০১ | পরিসংখ্যানবিদ | ০৭ (সাত) | গ্রেড-১৪ (১০,২০০-২৪,৬৮০/-) | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পরিসংখ্যান, গণিত বা, অর্থনীতি বিষয়ে স্নাতক বা, সমমানের ডিগ্রি।<br>খ) কম্পিউটার চালনায় দক্ষতা থাকতে হবে। | ০১। সকল পদের ক্ষেত্রে শুধুমাত্র ময়মনসিংহ জেলার স্থায়ী বাসিন্দাগন আবেদন করতে পারবেন। তবে, স্বাস্থ্য সহকারী পদের ক্ষেত্রে সংশ্লিষ্ট সাবেক ওয়ার্ড বা, সংশ্লিষ্ট ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হতে হবে। সংশ্লিষ্ট ওয়ার্ডে উপযুক্ত প্রার্থী না পাওয়া গেলে একই ইউনিয়নের অপরাপর ওয়ার্ড হতে প্রার্থী নির্বাচন করা হবে।<br>০২। স্বাস্থ্য সহকারীর শূন্যপদের তালিকা সিভিল সার্জন অফিস, ময়মনসিংহ এবং ময়মনসিংহ জেলার সকল উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে পাওয়া যাবে। |
| ০২ | স্টোর কিপার | ১২ (বারো) | গ্রেড-১৬ (৯,৩০০-২২,৪৯০/-) | ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চমাধ্যমিক সার্টিফিকেট বা, সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>খ) স্টোর কিপার পদধারীগণকে সরকারী বিধি অনুযায়ী জামানত প্রদান করতে হবে। | |
| ০৩ | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | ০৫ (পাঁচ) | গ্রেড-১৬ (৯,৩০০-২২,৪৯০/-) | ক) কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা, সমমানের জিপিএ তে উচ্চমাধ্যমিক সার্টিফিকেট বা, সমমানের পরীক্ষায় উত্তীর্ন।<br>খ) কম্পিউটার চালনায় দক্ষতা এবং কম্পিউটার ব্যবহারের ক্ষেত্রে এমএস ওয়ার্ড, এক্সেল, পাওয়ার পয়েন্ট, ডাটা এন্ট্রির কাজে দক্ষতা থাকতে হবে।<br>গ) টাইপিং এর গতি মিনিটে বাংলায় অন্যূন ২০ (বিশ) শব্দ ও ইংরেজিতে অন্যূন ২০ (বিশ) শব্দ এর গতি থাকতে হবে। | |
| ০৪ | স্বাস্থ্য সহকারী | ২৩১ (দুই শত একত্রিশ) | গ্রেড-১৬ (৯,৩০০-২২,৪৯০/-) | ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চমাধ্যমিক সার্টিফিকেট বা, সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | |
| ০৫ | গাড়ি চালক | ০৩ (তিন) | গ্রেড-১৬ (৯,৩০০-২২,৪৯০/-) | ক) কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা, সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>খ) হালকা গাড়ি চালনায় বৈধ হালকা ড্রাইভিং লাইসেন্স।<br>গ) অভিজ্ঞতা সম্পন্ন গাড়ি চালকগণ অগ্রাধিকার পাবেন। | |
| ০৬ | ল্যাবরেটরী এটেনডেন্ট | ০৩ (তিন) | গ্রেড-১৯ (৮,৫০০-২০,৫৭০/-) | ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক সার্টিফিকেট বা, সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | |

আবেদনের শর্ত ও নির্দেশনাবলীঃ

১) প্রার্থীকে জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক হতে হবে এবং ময়মনসিংহ জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।
২) সকল আবেদনকারীর বয়স আবেদন শুরুর তারিখ ১৮/০৮/২০২৫ খ্রিঃ এ সর্বনিম্ন ১৮ বছর পূর্ন হতে হবে, এবং সর্বোচ্চ বয়স সীমা হবে ৩২ বছর। উল্লেখ্য যে, বয়স প্রমানের ক্ষেত্রে এফিডেবিট গ্রহণযোগ্য নয়। বয়স প্রমানের জন্য জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধনে প্রদত্ত জন্ম তারিখ বয়স গণনার ভিত্তি হিসেবে বিবেচিত হবে।
৩) সকল প্রার্থীর আবেদন শুধুমাত্র অনলাইন এ গ্রহণ করা হবে। অনলাইন ব্যতীত অন্য কোন মাধ্যমে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। আবেদনপত্র, লিখিত, মৌখিক ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় প্রার্থীর স্বাক্ষর অভিন্ন হতে হবে।
৪) ক) স্বাস্থ্য অধিদপ্তরের স্মারক নংঃ স্বাঅধি/প্রশা-২/৩য় শ্রেনী নিয়োগ-৩/২০১৮/৪৫২৫, তারিখঃ ১০/০৮/২০১৮ খ্রিঃ মোতাবেক পত্রিকায় প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির আলোকে যেসব প্রার্থী স্টোর কিপার, স্বাস্থ্য সহকারী ও ল্যাবরেটরী এটেনডেন্ট পদে ইতোঃপূর্বে অনলাইনে আবেদন করেছেন তাদের পুনরায় নতুন করে আবেদন করার প্রয়োজন নাই।
খ) সিভিল সার্জনের কার্যালয়, ময়মনসিংহ এর স্মারক নংঃ সিএস/ময়মন/প্রশা/নিয়োগ-২০২৪/৭৭৭, তারিখঃ ০২/০৫/২০২৪ খ্রিঃ মোতাবেক পত্রিকায় প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির আলোকে যেসব প্রার্থী পরিসংখ্যানবিদ, স্টোর কিপার, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, স্বাস্থ্য সহকারী ও ল্যাবরেটরী এটেনডেন্ট পদে ইতোঃপূর্বে অনলাইনে আবেদন করেছেন তাদের পুনরায় নতুন করে আবেদন করার প্রয়োজন নাই।
তাদের সকলের আবেদন সঠিক থাকলে গ্রহনযোগ্য বলে বিবেচিত হবে এবং তাদের বয়স পূর্বের বিজ্ঞপ্তির শর্ত অনুযায়ী গণনাযোগ্য হবে। তারা বর্তমানে জারীকৃত নিয়োগ বিজ্ঞপ্তির মূলে উক্ত নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন, এবং যোগ্য প্রার্থীদের উক্ত নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রবেশপত্র ইস্যু করা হবে। যারা স্বাস্থ্য অধিদপ্তরের স্মারক নম্বরঃ স্বাঅধি/প্রশা-২/৩য় শ্রেনী নিয়োগ-৩/২০১৮/৪৫২৫, তারিখঃ ১০/০৮/২০১৮ খ্রিঃ তারিখের বিজ্ঞপ্তি অনুযায়ী আবেদন করেছিলেন তাদের প্রবেশপত্র ডাউনলোডের ক্ষেত্রে পরীক্ষা অনুষ্ঠিত হবার ০৩ (তিন) দিন পূর্বে অবশ্যই প্রবেশপত্র ডাউনলোড করতে হবে। অন্যথায় প্রবেশপত্র ডাউনলোড করার আর কোন অপশন থাকবেনা।
৫) একই ব্যক্তি একাধিক পদে আবেদন করতে পারবেন না।
৬) অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক ও গাড়ি চালক পদে লিখিত পরীক্ষায় উত্তীর্ন প্রার্থীগণকে নিয়োগ বিধি মোতাবেক সংশ্লিষ্ট বিষয়ে ব্যবহারিক পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে। ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ন প্রার্থীরাই মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণের যোগ্য হবেন।
৭) আবেদনকারীকে তার সকল অর্জিত শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতা বিষয়টি আবেদনে উল্লেখ করতে হবে।
৮) প্রজাতন্ত্রের কর্মে নিয়োজিত কোন ব্যক্তি ফৌজদারী অপরাধে দন্ডিত হলে কিংবা, বরখাস্ত হলে আবেদনের অযোগ্য বলে বিবেচিত হবেন।।
৯) সরকারি/আধা সরকারি/স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীগণকে সরকারি বিধিবিধান অনুসরণ পূর্বক অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ পূর্বক নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে, এবং সকল চাকুরীরত প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি সনদ (NOC) এর মূল কপি জমা দিতে হবে।
১০) পৌরসভার স্থায়ী বাসিন্দার প্রার্থীগণ স্বাস্থ্য সহকারী ব্যতীত অন্য পদে আবেদন করতে পারবেন।
১১) নিয়োগ ও কোটা নির্ধারনের ক্ষেত্রে সরকারের সর্বশেষ বিধি বিধান প্রতিপালিত হবে। কোটাধারী আবেদনকারীদের অনলাইনে আবেদন করার সময় কোন কোটার অধিকারী তা পূরণ করতে হবে।
১২) স্বাস্থ্য সহকারী পদের ক্ষেত্রে প্রার্থী যে ওয়ার্ডের (পুরাতন) পদের জন্য আবেদন করবেন সে ওয়ার্ডের (পুরাতন) স্থায়ী বাসিন্দা হতে হবে। একই ইউনিয়নের অন্য ওয়ার্ডের স্থায়ী বাসিন্দাগণ আবেদন করতে পারবেন (এক্ষেত্রে প্রার্থী যে ওয়ার্ডের বাসিন্দা সে ওয়ার্ড অবশ্যই আবেদনে উল্লেখ করতে হবে। তবে, সংশ্লিষ্ট শূন্য পদের ওয়ার্ডের বাসিন্দাকে যোগ্য প্রার্থী হিসেবে পাওয়া গেলে অন্য

ওয়ার্ডের প্রার্থীদের বিবেচনা করা হবেনা এবং সংশ্লিষ্ট ওয়ার্ডের বাসিন্দা হিসেবে যোগ্য প্রার্থী পাওয়া না গেলে অন্য ওয়ার্ডের যোগ্য প্রার্থীদের বিবেচনা করা হবে।

১৩) প্রার্থী কর্তৃক আবেদনপত্রের বর্ণিত স্থায়ী ঠিকানা (permanent address) যদি ইতোঃপূর্বে কোন সার্টিফিকেট বা, অন্যত্র বর্ণিত স্থায়ী ঠিকানা হতে ভিন্নতর হয় কিংবা, মহিলা প্রার্থীদের ক্ষেত্রে যদি স্বামীর স্থায়ী ঠিকানা ব্যবহার করা হয় তবে সেক্ষেত্রে প্রার্থীকে পরিবর্তিত স্থায়ী ঠিকানার স্বপক্ষে জাতীয় পরিচয়পত্র (NID) ও সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন এর মেয়র/ওয়ার্ড কমিশনার/পৌর সভার মেয়র/কাউন্সিলর/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/প্রশাসক (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তৃক স্বাক্ষরিত নাগরিকত্ব সনদপত্র দাখিল করতে হবে।

১৪) স্বাস্থ্য সহকারীর শুন্য পদের তালিকা (ওয়ার্ড/ইউনিয়ন/উপজেলা ভিত্তিক) সিভিল সার্জন অফিস এবং উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার কার্যালয়ের নোটিশ বোর্ড ও ওয়েবসাইট এ পাওয়া যাবে।

১৫) প্রার্থী কর্তৃক প্রদত্ত যেকোন তথ্য অসত্য বা, মিথ্যা প্রমানিত হলে অথবা, প্রয়োজনীয় তথ্য গোপন করলে অথবা, কোন অযোগ্যতা ধরা পরলে অথবা, কোন প্রতারণা বা, দূর্নীতির আশ্রয় গ্রহণ করলে অথবা, মিথ্যা, ভুল/ভিন্ন তথ্য দিয়ে একাধিকবার ফর্ম পূরণ করে একাধিক প্রবেশপত্র গ্রহণ করলে অথবা, পরীক্ষায় অসদুপায় গ্রহণ করলে অথবা, পরীক্ষা কেন্দ্রে দূর্ব্যবহার করলে পরীক্ষার পূর্বে ও পরে, এমনকি নিয়োগের পরে যেকোন পর্যায়ের প্রার্থীর প্রার্থিতা বা, নিয়োগ বাতিল করা সহ প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৬) কোন প্রার্থী কোন বিদেশী নাগরিককে বিবাহ করলে বা, বিবাহ করতে প্রতিজ্ঞাবদ্ধ হলে তিনি আবেদনের অযোগ্য বলে বিবেচিত হবেন।

১৭) সন্তোষজনক পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট এবং সিভিল সার্জনের স্বাস্থ্যগত প্রত্যয়ন চাকুরীতে নিয়োগের অন্যতম প্রধান শর্ত হিসেবে বিবেচিত হবে। এছাড়া, নিয়োগের পূর্বে ডোপ টেস্ট করা হবে। ডোপ টেস্টে কাউকে মাদকাসক্ত পাওয়া গেলে তার নিয়োগ বাতিল বলে গণ্য হবে।

১৮) অনলাইন এ আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলি/শর্তাবলী ও সময়সীমা নিম্নরূপঃ

ক) আগ্রহী পদপ্রার্থীগন http://csmymensingh.teletalk.com.bd এই ওয়েবসাইট এ আবেদনপত্র পূরণ করতে পারবেন। ওয়েবসাইট এ প্রকাশিত নির্দেশনা মোতাবেক ফর্ম পূরণ করতে হবে।

খ) অনলাইন এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফী জমাদান শুরুর তারিখ ও সময় ১৮/০৮/২০২৫ খ্রিঃ সকাল ১০.০০ ঘটিকা।

গ) অনলাইন এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ০৭/০৯/২০২৫ খ্রিঃ বিকাল ০৫.০০ ঘটিকা।

ঘ) উক্ত সময় সীমার মধ্যে ইউজার আইডি প্রাপ্ত প্রার্থীগণ অনলাইন এ আবেদনপত্র সাবমিট এর সময় থেকে পরবর্তী ৭২ ঘন্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফী জমা দিতে পারবেন।

১৯) অনলাইন এ আবেদনপত্রে প্রার্থী তার রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০ * প্রস্থ ৩০০ পিক্সেল) ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ * প্রস্থ ৮০ পিক্সেল) স্ক্যান করে নির্ধারিত স্থানে আপলোড করবেন। ছবির সাইজ সর্বোচ্চ ১০০ কেবি ও স্বাক্ষর এর সাইজ সর্বোচ্চ ৬০ কেবি হতে পারবে।

২০) অনলাইন আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে সেহেতু অনলাইন এ আবেদনপত্র সাবমিট করবার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

২১) প্রার্থী অনলাইন এ পূরণকৃত আবেদনপত্রে একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যেকোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

২২) এসএমএস প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফী প্রদানঃ

অনলাইন এ আবেদনপত্র (application form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনামতে ছবি ও স্বাক্ষর আপলোড করে আবেদনপত্র সাবমিট করা সম্ভব হলে কম্পিউটারে ছবি সহ application preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র সাবমিট করা সম্পন্ন প্রার্থী একটি ইউজার আইডি, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি applicant's copy ডাউনলোড পূর্বক রঙ্গিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's copy তে একটি ইউজার আইডি নাম্বার দেয়া থাকবে এবং ইউজার আইডি নাম্বার ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যেকোন টেলিটক প্রি পেইড মোবাইল নম্বরের মাধ্যমে দুইটি এসএমএস করে পরীক্ষার ফী বাবদ ক্রমিক নংঃ ০১ হতে ০৫ পর্যন্ত পদের জন্য আবেদন ফী ১০০ টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ ১২ টাকা সহ মোট অফেরতযোগ্য ১১২ টাকা অনধিক ৭২ ঘন্টার মধ্যে জমা দিবেন এবং ক্রমিক নং ০৬ পদের জন্য আবেদন ফী ৫০ টাকা ও টেলিটক সার্ভিস চার্জ বাবদ ০৬ টাকা সহ মোট অফেরতযোগ্য ৫৬ টাকা পরবর্তী ৭২ ঘন্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য, অনলাইন আবেদনপত্রের সকল অংশ পূরণ করে সাবমিট করা হলেও পরীক্ষার ফী জমা না দেয়া পর্যন্ত অনলাইনের আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবেনা।

প্রথম এসএমএসঃ

CSMYMEN<space>User ID লিখে সেন্ড করতে হবে 16222 নাম্বারে।
Example: CSMYMEN ABCDEF send to 16222
Reply: Applicant's Name, Tk 112/56 will be charged as application fee. Your PIN is XXXXXXXX. To pay fee Type CSMYMEN<space>Yes<space>PIN and send to 16222.

দ্বিতীয় এসএমএসঃ

CSMYMEN<space>YES<space>PIN লিখে সেন্ড করতে হবে 16222 নাম্বারে।
Example: CSMYMEN YES 12345678
Reply SMS: Congratulations! Applicants's Name, payment completed sucessfully for CSMYMEN. Application for (Post Name) User ID is (ABCDEF) and Password (XXXXXXXX)

২৩) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://csmymensingh.teletalk.com.bd, এবং প্রার্থীর মোবাইল ফোনে এসএমএস এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। অনলাইন আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষনিক সচল রাখা, এসএমএস পড়া, এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিক ভাবে অনুসরণ করা বাঞ্চনীয়।

২৪) এসএমএস এ প্রেরিত ইউজার আইডি ও পাসোয়ার্ড ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর ও পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থান/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী ডাউনলোড পূর্বক রঙ্গিন কপি প্রিন্ট করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়, এবং উত্তীর্ণ হইলে ব্যবহারিক/মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

২৫) শুধুমাত্র টেলিটক প্রিপেইড নাম্বার থেকে প্রার্থীগণ নিম্ন বর্নিত এসএমএস পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ ইউজার আইডি এবং পাসোয়ার্ড পুনরুদ্ধার করতে পারবেন।

ক) ইউজার আইডি জানা থাকলে
CSMYMEN<space>HELP<space>USER<space>User Id and send to 16222.

খ) পিন নাম্বার জানা থাকলে
CSMYMEN<space>HELP<space>PIN<space>PIN No and send to 16222.
Example: CSMYMEN HELP PIN 12345678

২৬) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও আইএমই বিভাগের ওয়েবসাইট www.cs.mymensingh.gov.bd এ বিজ্ঞপ্তিসহ এতদসংক্রান্ত সকল তথ্য দেখা যাবে। টেলিটকের জব পোর্টাল http://alljobs.teletalk.com.bd ওয়েবসাইট এ প্রবেশ করে বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.cs.mymensingh.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

২৭) অনলাইন এ আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে 121 অথবা, alljobs.query@teletalk.com.bd ইমেইলে যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জব পোর্টালের ফেসবুকে https://www.facebook.com/alljobsbdTeletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। মেইল/মেসেজ এর সাবজেক্ট এ অর্গানাইজেশন নেমঃ CSMYMENSINGH, পোস্ট নেমঃ ***, এপ্লিক্যান্টস ইউজার আইডি ও কন্ট্যাক্ট নাম্বার অবশ্যই উল্লেখ করতে হবে।

২৮) কর্তৃপক্ষ যেকোন সময় পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধি এবং বিজ্ঞপ্তিতে বর্ণিত যেকোন শর্ত বা, অনুচ্ছেদ সংশোধন, পরিবর্তন, পরিমার্জন ও নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। অনলাইন এ আবেদন ও নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যেকোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

২৯) প্রার্থীদের কর্তৃপক্ষের সিদ্ধান্ত মোতাবেক লিখিত, ব্যবহারিক পরীক্ষা (প্রযোজ্য ক্ষেত্রে) এবং মৌখিক পরীক্ষায় আলাদাভাবে উত্তীর্ন হতে হবে। কেবলমাত্র মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিম্নোক্ত কাগজপত্র সমূহের মূল কপি বাধ্যতামূলকভাবে প্রদর্শন করতে হবে এবং এক সেট সত্যায়িত অনুলিপি জমা দিতে হবে। সকল সত্যায়ন/প্রত্যয়ন সরকারি প্রথম শ্রেনীর কর্মকর্তা (নাম, পদবী ও কর্মস্থল উল্লেখ সহ সীল মোহর) কর্তৃক সম্পাদিত হতে হবে।

ক) সকল শিক্ষাগত যোগ্যতার মূল সনদ/সাময়িক সনদ/প্রত্যয়ন পত্র, অভিজ্ঞতার সনদপত্র ইত্যাদি।

খ) প্রযোজ্য ক্ষেত্রে কম্পিউটার জ্ঞানের বৈধ সনদপত্র।

গ) চাকুরীর আবেদন ফর্মে উল্লেখিত স্থায়ী ঠিকানা, নিজ জেলা ও জাতীয়তার সমর্থনে জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন এবং সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার কাউন্সিলর/মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনার/কাউন্সিলর/প্রশাসক (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তৃক ইস্যুকৃত (নিজ জেলার ও সংশ্লিষ্ট ইউনিয়নের পুরাতন ওয়ার্ড উল্লেখ করত) জাতীয়তার ইত্যাদি সনদপত্র।

ঘ) প্রথম শ্রেনীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

ঙ) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী প্রার্থীদের ক্ষেত্রে সর্বশেষ নীতিমালা অনুযায়ী সনদপত্র/প্রমানক। মুক্তিযোদ্ধা, শহীদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান কোটার আবেদনকারীকে মুক্তিযোদ্ধার সহিত সম্পর্ক বিষয়ে মেয়র/ওয়ার্ড কমিশনার/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/প্রশাসক (প্রযোজ্য ক্ষেত্রে) এর সনদপত্র।

চ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী (উপজাতি/আদিবাসী) প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক ইস্যুকৃত সনদপত্র।

ছ) শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত শারীরিক প্রতিবন্ধী সম্পর্কিত সনদপত্র।

জ) এতিম প্রার্থীদের ক্ষেত্রে সমাজসেবা অধিদপ্তর কর্তৃক এতিমখানা/শিশু সদন কর্তৃক প্রদত্ত সনদ।

ঝ) তৃতীয় লিঙ্গ প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত তৃতীয় লিঙ্গ সম্পর্কিত সনদপত্র।
ঞ) বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রমাণক।
ট) ডাউনলোডকৃত এপ্লিক্যান্টস কপি ও এডমিট কার্ড এর সত্যায়িত কপি।

৩০) প্রার্থীকে লিখিত, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন দৈনিক ভাতা ও যাতায়াত ভাতা দেওয়া হবেনা।
৩১) যেকোন তদবির কিংবা, সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচনা করা হবে।
৩২) ডিক্লারেশনঃ প্রার্থিকে অনলাইন আবেদনপত্রে ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য ও মিথ্যা প্রমাণিত হলে অথবা, কোন অযোগ্যতা ধরা পরলে বা, কোন প্রতারণা বা, দূর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা, পরীক্ষায় নকল বা, অসদুপায় অবলম্বন করলে পরীক্ষার পূর্বে বা, পরে অথবা, নিয়োগের পরে যেকোন পর্যায়ে প্রার্থীর প্রার্থিতা বাতিল হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

*** শেষ তারিখ ও সময়ের অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে আবেদনকারীকে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে পরামর্শ প্রদান করা যাচ্ছে।

(ডা. মোহাম্মদ ছাইফুল ইসলাম খান)
সিভিল সার্জন, ময়মনসিংহ
ও
সদস্য সচিব
১১-২০ গ্রেডের (পূর্বতন ৩য় ও ৪র্থ শ্রেনী)
জনবল নিয়োগ কমিটি, ময়মনসিংহ

স্মারক নংঃ সিএস/ময়মন/প্রশা/নিয়োগ-২০২৫/৩৪৯৮/১(১৯) তারিখঃ ১৪/০৮/২০২৫ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)
১) সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। দৃষ্টি আকর্ষণঃ উপ সচিব (প্রশাসন-১ শাখা)।
২) মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২। দৃষ্টি আকর্ষণঃ সহকারী পরিচালক (সমন্বয়)।
৩) যুগ্মসচিব, প্রশাসনঃ১ অধিশাখা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪)পরিচালক (প্রশাসন/অর্থ), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২।
৫) পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২। উপরোক্ত বিজ্ঞপ্তি খানা স্বাস্থ্য অধিদপ্তর এর ওয়েবসাইট এ প্রকাশ করার জন্য সবিনয় অনুরোধ করা হলো।
৬) বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৭) জেলা প্রশাসক, ময়মনসিংহ। (বিজ্ঞপ্তিটি আপনার অফিস নোটিশ বোর্ডে প্রদর্শন এর অনুরোধ সহ)
৮) পুলিশ সুপার, ময়মনসিংহ। (বিজ্ঞপ্তিটি আপনার অফিস নোটিশ বোর্ডে প্রদর্শন এর অনুরোধ সহ)
৯) উপ পরিচালক, জেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার কার্যালয়, ময়মনসিংহ। (বিজ্ঞপ্তিটি আপনার অফিস নোটিস বোর্ডে প্রদর্শন এর অনুরোধ সহ)
১০) ডেপুটি সিভিল সার্জন, সিভিল সার্জনের কার্যালয়, ময়মনসিংহ।
১১) উপজেলা নির্বাহী অফিসার (সকল), ময়মনসিংহ। (বিজ্ঞপ্তিটি আপনার অফিস নোটিস বোর্ডে প্রদর্শন এর অনুরোধ সহ)
১২) উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা (সকল)। (বিজ্ঞপ্তিটি আপনার অফিস নোটিস বোর্ডে প্রদর্শন এর অনুরোধ সহ)
১৩) জেলা তথ্য অফিসার/জেলা শিক্ষা অফিসার/জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ময়মনসিংহ। (বিজ্ঞপ্তিটি আপনার অফিস নোটিস বোর্ডে প্রদর্শন এর অনুরোধ সহ)
১৪) জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, ময়মনসিংহ।
১৫) ব্যবস্থাপনা পরিচালক, টেলিটক বাংলাদেশ লিমিটেড, রাজউক কমার্সিয়াল কমপ্লেক্স (১১ তলা), হোল্ডিং #৩/এ,৫/এ,৭/এ, রোড#১৭, গুলশান-১, ঢাকা-১২১২। (উল্লেখিত বিজ্ঞপ্তি অনুযায়ী অনলাইনে আবেদন গ্রহণের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহ)
১৬) সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৭) সম্পাদক, ..................................................................................। উপরোক্ত বিজ্ঞপ্তিখানা আপনার বহুল প্রচারিত দৈনিক পত্রিকার সকল সংখ্যায় ও সকল সংস্করনে ০১ (এক) দিন প্রকাশের জন্য এবং প্রকাশিত পত্রিকার নমুনা কপি ০৫ (পাঁচ) সেট নিম্নস্বাক্ষরকারী বরাবরে জমা প্রদানের জন্য বিনীত অনুরোধ করা হলো।
১৮) নোটিশ বোর্ড, অত্র অফিস।
১৯) অফিস কপি।

(ডা. মোহাম্মদ ছাইফুল ইসলাম খান)
সিভিল সার্জন, ময়মনসিংহ
ও
সদস্য সচিব
১১-২০ গ্রেডের (পূর্বতন ৩য় ও ৪র্থ শ্রেনী)
জনবল নিয়োগ কমিটি, ময়মনসিংহ